

ম্নাতকোত্তর অন্ত্য-সেমেস্টার পরীক্ষা, ২০২৫

( প্রথম বর্ষ, প্রথম সেমেস্টার )

বাংলা

কোর্স : পি জি - ১.৫৫ (ঐচ্ছিক)

বিষয় : রবীন্দ্রজীবন

সময় : ২ ঘণ্টা

পূর্ণমান : ৩০

যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও।

১০×৩=৩০

১। বিলেতে গিয়ে সেখানকার স্কুলে পড়ার অভিজ্ঞতা বর্ণনা করতে গিয়ে রবীন্দ্রনাথ লিখেছিলেন, “একটা জিনিস লক্ষ্য করিয়া আমি বিস্মিত হইয়াছিলাম — ছাত্রেরা আমার সংগে কিছুমাত্র রুঢ় ব্যবহার করে নাই।” সহপাঠীর সঙ্গে এই নিতান্ত স্বাভাবিক আচরণে রবীন্দ্রনাথ এত বিস্মিত হছেন কেন? প্রেক্ষিত বিচার করে রবীন্দ্রনাথের এই মন্তব্যের তাৎপর্য বুঝিয়ে দাও।

( অথবা )

২। ‘পুষ্পাঞ্জলি’ নামের রচনায় রবীন্দ্রনাথ একজনকে সম্বোধন করে বলেছিলেন “আমার চিরস্মৃত”। এই সম্বোধনের ভিতরে যে ‘প্রতিজ্ঞা’ আছে, তা রবীন্দ্রনাথের জীবনে কতখানি সার্থক হয়েছিল, কয়েকটি দৃষ্টান্তের সাহায্যে সংক্ষেপে বুঝিয়ে লেখো।

( ২ )

৩। রবীন্দ্রনাথের ‘সর্বানুভূতি’র ধারণা থেকে ‘জীবনদেবতা’ তত্ত্বের ধারণার ফরাক কোথায় তা দৃষ্টান্তসহ আলোচনা করে বুঝিয়ে দাও।

( অথবা )

৪। রবীন্দ্রনাথ ঠাকুরবাড়ির কোন্ অংশের জমিদারিতে আদর্শ গ্রামের মডেলরূপে তুলে ধরতে চেয়েছেন? রবীন্দ্রনাথ জমিদারিতে প্রজাদের উন্নতিকল্পে যে যে ব্যবস্থা গ্রহণ করেছিলেন তার কয়েকটি উল্লেখ করে জমিদার রবীন্দ্রনাথ সম্পর্কে তোমার মতামত জানাও।

৫। দীর্ঘ জীবনে প্রিয়জনের মৃত্যুজনিত শোক রবীন্দ্রনাথকে বারংবার পীড়িত করেছে। প্রিয়জনের ‘মৃত্যুজনিত শোক’ রবীন্দ্রনাথের ব্যক্তি জীবনকে কীভাবে প্রভাবিত করেছিল, আলোচনা করো।

( অথবা )

৬। নোবেল পুরস্কার প্রাপ্তি রবীন্দ্রজীবনের অন্যতম গুরুত্বপূর্ণ ঘটনা। এর ফলে দেশে ও বিদেশে কেমন প্রতিক্রিয়া হয়েছিল সংক্ষেপে লেখো।

৭। ‘ব্রহ্মচর্যাশ্রম’ থেকে ধীরে ধীরে কীভাবে ‘বিশ্বভারতী’ গড়ে উঠেছিল, তার সংক্ষিপ্ত রূপরেখা বর্ণনা করো।

★★★